

ফ্রান্সের সাম্প্রতিক ঘটনাক্রমের পরিপ্রেক্ষিতে আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের বিবৃতি



আজ নীস (Nice)-এ সংঘটিত আক্রমণ এবং এর পূর্বে ১৬ অক্টোবর স্যামুয়েল প্যাটি (Samuel Paty)-র হত্যাকাণ্ডের প্রেক্ষাপটে আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.) সকল প্রকার সন্ত্রাসবাদ ও চরমপন্থার প্রতি নিন্দা জ্ঞাপন করে সকল দেশ ও জাতির মানুষের মাঝে পারস্পরিক বোঝাপড়া ও সংলাপের জন্য আহ্বান জানিয়েছেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“শিরচ্ছেদ করে স্যামুয়েল প্যাটির হত্যাকাণ্ড এবং আজ কিছু পূর্বে নীস (Nice)-এ সংঘটিত আক্রমণ-এর তীব্রতম ভাষায় নিন্দা জ্ঞাপন করা আবশ্যিক। এমন ন্যাকারজনক আক্রমণ ইসলামের শিক্ষার সম্পূর্ণ পরিপন্থী। আমাদের ধর্ম কোন অবস্থাতেই সন্ত্রাসবাদ বা চরমপন্থার অনুমতি দেয় না; আর কেউ যদি ভিন্ন দাবি করেন, তিনি পবিত্র কুরআনের শিক্ষা এবং মহানবী (সা.)-এর মহান জীবনাদর্শ পরিপন্থী আচরণ করেন।

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান হিসেবে, আক্রান্তদের স্বজন এবং ফরাসি জাতির প্রতি আমি আমাদের গভীরতম সমবেদনা জ্ঞাপন করছি। এটি স্পষ্ট হওয়া উচিত যে, এমন আক্রমণসমূহের প্রতি আমাদের নিন্দা এবং ঘৃণা প্রকাশ নতুন নয়, বরং সর্বদা এটিই আমাদের দৃষ্টিভঙ্গি এবং অবস্থান। আহমদীয়া মুসলিম জামা'তের প্রতিষ্ঠাতা এবং তার খলীফাগণ সকল সময়ে দ্ব্যর্থহীনভাবে ধর্মের নামে সর্ব প্রকার সহিংসতা ও রক্তপাতকে প্রত্যাখ্যান করেছেন।

এ ঘণ্টা আচরণের ফলস্বরূপ একদিকে ইসলামী বিশ্ব ও পশ্চিমা বিশ্বের মধ্যে এবং অপরদিকে ফ্রান্সে বসবাসকারী মুসলমানদের সাথে সমাজের অন্যান্যদের মধ্যে বিদ্যমান টানাপোড়েন আরো গুরুতর রূপ ধারণ করেছে। আমরা একে গভীর বেদনার উৎস এবং বিশ্বের শান্তি ও স্থিতিশীলতাকে আরো ঝুঁকির মুখে ঠেলে দেয়ার কারণ বলে মনে করি। আমাদের সকলকে অবশ্যই কাঁধে কাঁধে মিলিয়ে সকল প্রকার চরমপন্থা নির্মূল করতে এবং পারস্পরিক সমঝোতা ও সহনশীলতাকে উৎসাহিত করতে কাজ করতে হবে। আমাদের পক্ষ থেকে, আহমদীয়া মুসলিম জামা'ত ইসলামের প্রকৃত ও শান্তিপূর্ণ শিক্ষার বৃহত্তর উপলব্ধি বিশ্বজুড়ে গড়ে তোলার লক্ষ্যে সর্বাঙ্গিক প্রয়াস চালিয়ে যাবে।”